দৈনিক ইনকিলাব

JAN. 26 2001

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষা সপ্তাহ পালন

ইবি সংবাদদাতা ঃ ব্যাপক কর্মসূচীর মধ্য দিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০১ পালিত হয়েছে। সপ্তাহের বিভিন্ন কর্মসূচীর মধ্যে সমাপনী দিবসে উপাচার্যের নেতৃত্বে র‍্যালি, আলোচনা সভা, পুরস্কার বিরতণ ও সংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শিক্ষা সম্মেলন ও র‍্যালি উপ-কমিটির আহবায়ক ড. মোঃ আব্দুস সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর মু. লুৎফর রহমান। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর মোঃ মাহতাব উদ্দিন সরকার। আলোচনা করেন ধর্মতত্ত্ব, অনুষদের ডিন ড. মোঃ আবুল কালাম পাটওয়ারী, মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. আবুল আহসান চৌধুরী এবং শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ মোশাররফ হোসেন। আলোচনা সভাশেষে শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ এবং বিজয়ীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।